যুগান্তর

তারিখ 27 JUN 2008
পৃষ্ঠা … কলাম …

# কারিগরি শিক্ষা বোর্ডে পাসের হার ৬২.৮৮

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ভোকেশনাল পরীক্ষায় পাসের হার ৬২ দশমিক ৮৮ ভাগ। গত বছরের তুলনায় এ বছর পাসের হার প্রায় ১১.৮ শতাংশ বেশি। গত বছর পাসের হার ছিল ৫১ দশমিক ৮ ভাগ। এবার এসএসসি ভোকেশনাল পরীক্ষায় ৮২ হাজার ৩৭৫ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করে। এর মধ্যে ৫১ হাজার ৮০১ জন ছাত্রছাত্রী উত্তীর্ণ হয়। অংশগ্রহণকারীদের মধ্যে ৫৭ হাজার ২৬২ জন ছাত্র আর ২৫ হাজার ১১৩ জর ছাত্রী। ভোকেশনাল পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্তির বেলায় কারিগরি শিক্ষা বোর্ডের দৈন্যদশা এবার কিছুটা কেটেছে। এবার জিপিএ-৫ পেয়েছে মোট ৫৭ জন। গত বছরের তুলনায় এর সংখ্যা এবার ৩২

কারিগরি : পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## কারিগরি : পাসের হার

(১ম পৃষ্ঠার পর)

জন বেশি। গত বছর জিপিএ-৫ পেয়েছিল মাত্র ২৫ জন ছাত্রছাত্রী। জিপিএ-৫ পাওয়া ছাত্রছাত্রীদের মধ্যে ছাত্র ৩৩ জন আর ছাত্রী ২৪ জন। প্রকাশিত ফলাফলে ছাত্রদের চেয়ে ছাত্রীরা এগিয়ে গেছে। যদিও পরীক্ষার্থীর মধ্যে ছাত্র সংখ্যা বেশি ছিল। মোট ৫৭ হাজার ২৬২ জন ছাত্রের মধ্যে পাস করেছে ৩৫ হাজার ৮৮৮ জন। আর ২৫ হাজার ১১৩ জন ছাত্রীর মধ্যে পাস করেছে ১৫ হাজার ৯১৩ জন। মাধ্যমিক পর্যায়ে এ বছর শিক্ষাক্রমের ৩৩টি ট্রেডে দেশের ১৫টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ৪০টি টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট, ১টি গ্লাস অ্যান্ড সিরামিক ইন্সটিটিউট এবং ১৩৪৩টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সহ মোট ১৪৬৩টি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা এ পরীক্ষায় অংশ নেয়। এ বছর পাসের দিক থেকে সেরা ১০ স্কুল হল যশোরের বুরোজবাগান বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রামের একে খান ইউসেফ টেকনিক্যাল স্কুল, খুলনার ইউসেফ মহসন টেকনিক্যাল স্কুল, বরিশালের ডব্লিউবি ইউনিয়ন পাইলট ইন্সটিটিউট, বজরারটেক সবজা পাইলট হাইস্কুল, মাদারীপুরের রাজৈর বালিকা উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জের মিভামিতিপাড়া হাইস্কুল, ডিমলা টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট [illegible]